

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫১৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নিকৃষ্ট লোকেদের ওপরেই কিয়ামত সংঘটিত হবে।

الفصل الاول (بَابُ لَا تَقُومُ السَّاعَةُ إِلَّا عَلَى شِرَارِ النَّاسِ)

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا يَذْهَبُ اللَّيْلُ وَالنَّهَارُ حَتَّى يُعْبَدَ اللَّاتُ وَالْعُزَّى». فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنْ كُنْتُ لِأُظَنُّ حِينَ أَنْزَلَ اللَّهُ: (هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ) أَنَّ ذَلِكَ تَامًا. قَالَ: «إِنَّهُ سَيَكُونُ مِنْ ذَلِكَ مَا شَاءَ اللَّهُ ثُمَّ يَبْعَثُ اللَّهُ رِيحًا طَيِّبَةً فَتُؤْفَى كُلُّ مَنْ كَانَ فِي قَلْبِهِ مِثْقَالُ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ مِنْ إِيْمَانٍ فَيَبْقَى مَنْ لَا خَيْرَ فِيهِ فَيَرْجِعُونَ إِلَى دِينِ آبَائِهِمْ». رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (52 / 2907)، (7299) -

(صَحِيح)

বাংলা

৫৫১৯-[৪] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, লাত ও 'উয্যা এ মূর্তিদ্বয়ের উপাসনা করা পর্যন্ত দিন ও রাত্র শেষ হবে না (অর্থাৎ কিয়ামতের পূর্বে আবার লাত ও 'উয্যা মূর্তির পূজা করা হবে)। আয়িশাহ্ (রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমার ধারণা ছিল, যখন আল্লাহ তা'আলা

“তিনি তাঁর রাসূল কে (هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ) হিদায়াত আর সঠিক দীনসহ পাঠিয়েছেন যাবতীয় দীনের উপর একে বিজয়ী করার জন্য যদিও মুশরিকগণ অপছন্দ করে”- (সূরাহ আত্ তাওবাহ ৯: ৩৩); আয়াতটি নাযিল করেছেন, তখন মূর্তিপূজার দিন শেষ হয়ে গেছে। উত্তরে তিনি (সা.) বললেন, যতদিন আল্লাহ তা'আলা ইচ্ছা করবেন, ততদিন এ অবস্থায় থাকবে। অতঃপর আল্লাহ তা'আলা একটি সুগন্ধময় বাতাস প্রেরণ করত, তাতে ঐ সকল লোকেদের মৃত্যু ঘটবে যাদের অন্তরে সরিষা পরিমাণও ঈমান থাকবে। অতঃপর কেবলমাত্র ঐ সমস্ত লোকই অবশিষ্ট থাকবে যাদের মধ্যে সামান্য পরিমাণও

ঈমান থাকবে না। তখন তারা তাদের বাপ-দাদার ধর্মের দিকে ফিরে যাবে। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৫২-(২৯০৭), তিরমিযী ২২২৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৪৪১, মুসনাদে আহমাদ ৮৩৪৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯০৯১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا يَذْهَبُ اللَّيْلُ وَالنَّهَارُ حَتَّى يُعْبَدَ اللَّاتُ وَالْعُزَّى) রাত ও দিন অতিবাহিত হবে না তথা কিয়ামত ততক্ষণ পর্যন্ত সংঘটিত হবে না যতক্ষণ পর্যন্ত না লাত এবং উযযার ইবাদাত করা হবে। লাত হলো সাকিফ গোত্রের মূর্তি এবং উযযা হলো গাত্তফান গোত্রের মূর্তি।

(أَنَّ ذَلِكَ تَأَمُّمًا) আমি ধারণা করেছি যে, রাসূলুল্লাহ (সা.) কে প্রেরণের মাধ্যমে মূর্তির 'ইবাদাত চিরতরে বন্ধ হয়ে গেছে। কিয়ামত পর্যন্ত আর তা ফিরে আসবে না।

(إِنَّهُ سَيَكُونُ مِنْ ذَلِكَ مَا شَاءَ اللَّهُ ثُمَّ يَبْعَثُ اللَّهُ رِجَالًا) রাসূলুল্লাহ (সা.) বলেন, কিয়ামতের পূর্বে আল্লাহ যতদিন চান, এরপর মূর্তিপূজা আবার ফিরে আসবে। আর তখন আল্লাহ তা'আলা সুঘাণযুক্ত এক প্রকার বায়ু প্রেরণ করবেন, ফলে যার অন্তরে সরিষার দানা পরিমাণ ঈমান থাকবে তারা সবাই মৃত্যুবরণ করবে। শুধু তারাই অবশিষ্ট থাকবে যাদের মধ্যে কোন কল্যাণ নেই, যারা পূর্বপুরুষের ধর্মে ফিরে যাবে ও শিরকে লিপ্ত হবে। আর তাদের ওপরই কিয়ামত সংঘটিত হবে।

(لَا خَيْرَ فِيهِ) যার মধ্যে কোন কল্যাণ নেই অর্থাৎ ইসলাম থাকবে না, ঈমান থাকবে না, কুরআন থাকবে না, হজ্জ থাকবে না, ইসলামের অপর কোন রুকনও থাকবে না, ভালো ভালো 'আলিমও থাকবে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85497>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন